# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৯১১

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. ইকামত এবং এ সম্পর্কিত হাদীস বর্ণনায় মতভেদ

## بَابُ ذِكْرِ الْإِقَامَةِ ، وَاخْتِلَافِ الرِّوَايَاتِ فِيهَا

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ نَيْرُوزَ ، ثَنَا زِيَادُ بْنُ أَيُّوبَ ، حَدَّثَنَا أَحْمَدُ بْنُ حَنْبَلٍ ، حَدَّثَنَا يَعْقُوبُ ، حَدَّثَنِي أَبِي ، عَنِ ابْنِ إِسْحَاقَ ، حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ إِبْرَاهِيمَ ، عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ زَيْدِ بْنِ عَبْدِ رَبِّهِ ، حَدَّثَنِي أَبِي ، قَالَ : لَمَّا أَمَرَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ بِالنَّاقُوسِ ، أَطَافَ بِي وَأَنَا نَائِمٌ رَجُلٌ فَأَلْقَى عَلَيَّ .... ( فَذَكَرَ الْأَذَانَ مَرَّتَيْنِ مَرَّتَيْنِ ، وَالْإِقَامَةَ مَرَّةً مَرَّةً ) فَلَمَّا أَصْبَحْتُ أَتَيْتُ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ فَأَخْبَرْتُهُ بِمَا رَأَيْتُ ، فَقَالَ : " إِنَّهَا لَرُؤْيَا حَقٌّ إِنْ شَاءَ اللَّهُ ، فَقُمْ مَعَ بِلَالٍ فَأَلْقِ عَلَيْهِ مَا رَأَيْتَ ؛ فَإِنَّهُ أَنْدَى صَوْتًا مِنْكَ " . فَسَمِعَ ذَلِكَ عُمَرُ ـ رَضِيَ اللَّهُ عَنْهُ ـ فَقَالَ : وَالَّذِي بَعَثَكَ بِالْحَقِّ لَقَدْ رَأَيْتُ مِثْلَ الَّذِي رَأَى ، فَقَالَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ : " فَلِلَّهِ الْحَمْدُ

বাংলা

৯১১(২৯). মুহাম্মাদ ইবনে ইবরাহীম ইবনে ফায়রূয (রহঃ) ... মুহাম্মাদ ইবনে আবদুল্লাহ ইবনে যায়েদ ইবনে আবদে রব্বিহি (রহঃ) থেকে বর্ণিত। আমার পিতা আমার নিকট হাদীস বর্ণনা করেছেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (নামাযের ওয়াক্তে) ঘণ্টাধ্বনি করার নির্দেশ দিলেন। তখন এক ব্যক্তি আমার ঘুমন্ত অবস্থায় (স্বপ্নে) আমাকেসহ ঘুরালো। তিনি আমাকে (আযান) শিক্ষা দিলেন আযানের শব্দগুলো দুইবার করে এবং ইকামতের শব্দগুলো এক একবার করে। ভোর হলে আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে আসলাম এবং তাকে আমার স্বপ্নের কথা জানালাম। তিনি বলেন, ইনশাআল্লাহ এটা নিশ্চয়ই বাস্তব (সত্য) স্বপ্ন। তুমি বিলালের সাথে যাও এবং যা স্বপ্নে দেখেছো তা তাকে বলে দাও। কেননা তার কণ্ঠস্বর তোমার চেয়ে উচ্চ ও দীর্ঘ। উমার (রাঃ) এগুলো (আযান) শুনে বললেন, সেই সত্তার শপথ যিনি আপনাকে সত্য দীনসহ পাঠিয়েছেন! সে যা স্বপ্নে দেখেছে, আমিও তদ্রুপই স্বপ্ন দেখেছি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ যাবতীয় প্রশংসা আল্লাহর জন্য।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80700

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন